

শেষকথা

একদিকে ঈদ আর অন্যদিকে শারদীয়া দুর্গাপূজো – এই আবহের পরিমণ্ডলে আগামী পালকি প্রকাশনার জন্য উদ্দীপনা এখন চূড়ান্তে। প্রবাসের কিছু বাংলাপ্রেমী বাঙ্গালী নিত্যদিনের মেলামেশার জন্য এক আড্ডার জায়গা নির্ধারণ করেছিলেন। সেখানে ক্রমে আরো যোগ দিয়েছিলেন ভারত, বাংলাদেশ এবং অন্যান্য দেশের বাসিন্দা অনেক আপনজন। সেই আড্ডাঘর আজ ধীরে ধীরে বিকশিত হয়ে অন্য নানা গঠনমূলক চেষ্টায় নিজেকে ব্যাপ্ত করেছে। এমনই এক চেষ্টা পালকির প্রকাশনা।

পালকির এটি পঞ্চম সংখ্যা। নিয়মিত পাঠক নিশ্চয় অনুধাবন করছেন যে ধীরে ধীরে আমাদের চেষ্টা পালকির একটি নির্দিষ্ট গতিমুখ নির্ধারণের জন্য। প্রাথমিকভাবে এই পত্রিকায় আমরা সংকলন করতাম প্রত্যেকটি লেখা যা আমাদের কাছে এসে পৌঁছত। এবার মান এবং পৃষ্ঠাসংখ্যার সীমা বিচারে আমরা বিদগ্ধ সম্পাদকমণ্ডলীর সহমতের ওপর ভিত্তি করে কিছু লেখা এই পালকিতে সংকলন করতে পারিনি। এতে কিছু পরিমাণে সমস্যায় পড়তে হয়েছে, কারণ চিন্তন-মনন, আবেগ-প্রেমে-ব্যথায় জন্ম নেওয়া লেখাসমূহের সুবিচার সহজকর্ম নয়। শেষ অবধি আমরা এই সংকলনে কবি-লেখকদের প্রতিনিধিস্থানীয় লেখা রাখতে চেষ্টা করেছি যতদূর সম্ভব।

সুধী পাঠক/পাঠিকা, আপনি আমাদের সহযাত্রী – এই সংখ্যাটি পড়ুন – ভালোলাগার কথা আমাদের জানাবেন; কিন্তু অবশ্যই জানাবেন আরো কি আপনার আশা ছিল যা এই পালকিতে অনুপস্থিত। আপনার গঠনমূলক সমালোচনার আমরা প্রত্যাশী। আরো লিখুন ভবিষ্যতে কিভাবে দেখতে চান এই পত্রিকাটিকে।

উৎসবমুখর এই দিনে পাঠক/পাঠিকা আপনাকে আমাদের শুভেচ্ছা – এই সংখ্যাটি আপনি উপভোগ করুন।